# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 JUNE 2025** **7:45—7:55 PM IST**

================================================================

(১) দেশের খনি ও শক্তি ক্ষেত্রের বিকাশে উত্তর-পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের সম্ভাবনা রয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডির প্রকাশ/

(২) মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ে এগারোটি জেলার শহরাঞ্চলের ৯৪২টি পরিকাঠামোগত প্রকল্পের জন্য সরকারী জমি বরাদ্দের বিষয়ে আসাম মন্ত্রীসভার অনুমোদন/

(৩) মণিপুরে শান্তি ও স্বাভাবিক পরিস্থিতি ফিরে এসেছে বলে রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী এন বীরেন সিংয়ের মন্তব্য/ বিগত ২৪ ঘন্টায় মণিপুরে নতুন করে তেরো জন কোভিড-১৯এ আক্রান্ত লোক সনাক্ত/

এবং

(৪) জাটিঙ্গা-লামপুর এবং নিউ হাফলঙের মধ্যের রেলপথে ভূমিধ্বসের জন্যে হওয়া সমস্যার জন্য ওই রুটে বেশকয়েকটি ট্রেন বাতিল/ কিছু ট্রেনের চলাচলের সময় পুর্ননির্ধারণ/

---

কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী জি কিষাণ রেড্ডি উত্তর পূর্বাঞ্চলের খনি ক্ষেত্রের বিকাশের প্রতি গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে- খনি ক্ষেত্রে লুকিয়ে থাকা খনিজ সম্পদ অন্বেষণের জন্য কেন্দ্র সক্রিয়ভাবে সহযোগিতা করবে । গুয়হাটিতে আয়োজিত দ্বিতীয় উত্তর-পূর্ব ভূতত্ত্ব এবং খনি মন্ত্রীদের সম্মেলনে অংশ নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী রেড্ডি গতকাল একথা বলেন । তিনি আরো বলেন যে- দেশের

খনি এবং শক্তিক্ষেত্রের বিকাশে উত্তর-পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের সম্ভাবনা রয়েছে । উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির জন্য রাজ্যভিত্তিক খনি পরিকল্পনা রূপায়ণের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে বলেও শ্রী রেড্ডি প্রকাশ করেন ।

এই সম্মেলনে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেন- খনি এবং খনিজাত পদার্থ সঠিকভাবে অন্বেষণের মাধ্যমে আসামের অর্থনীতি শক্তিশালী করার পথে রাজ্যসরকার পদক্ষেপ গ্রহণ করেছে । ডঃ শর্মা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নীতিগত হস্তক্ষেপের জন্যেই উত্তর-পূর্বাঞ্চলে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা কয়লা খনিগুলি খোলা হলো এবং বর্তমানে এর সুফল পাওয়া যাচ্ছে বলে মন্তব্য করেছেন । তিনি বলেন- খনিজ সম্পদ আহরণের মাধ্যমে আদায় হওয়া রাজস্ব থেকে প্রতিটি রাজ্য উপকৃত হবে ।

আসামে প্রস্তাবিত তিন হাজার চারশো মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার কয়লা সরবরাহ করার আশ্বাস দিয়েছে বলেও মুখ্যমন্ত্রী প্রকাশ করেছেন । গতকালের অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চলের ভূতাত্ত্বিক সম্ভাবনা বিষয়ক রূপরেখা পত্রও উদ্বোধন করা হয়েছে । দুদিনের এই সম্মেলনে কয়লা ও খনি দপ্তরের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র দুবে এবং উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির খনিমন্ত্রীরাও অংশগ্রহণ করেন ।

---

আসাম মন্ত্রীসভা মিশন বসুন্ধরার তৃতীয় পর্যায়ের আওতায় এগারোটি জেলার শহরাঞ্চলে রাজ্যসরকারের বিভিন্ন বিভাগের ৯৪২টি পরিকাঠামোগত প্রকল্পের জন্য সরকারী জমি বরাদ্দের বিষয়ে অনুমোদন জানিয়েছে । মন্ত্রীসভা একইসঙ্গে এই প্রকল্পের অধীনে বারোটি জেলায় এক হাজার ৯৭৭টি বেসরকারী সামাজিক, ধর্মীয়, সাংস্কৃতিক ও শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী জমি বরাদ্দের ক্ষেত্রে অনুমোদন জানিয়েছে । এই বৈঠকে রাজ্যসরকার প্রাপ্তবয়স্ক লোকেদের আধার কার্ড প্রদানের ক্ষেত্রে থাকা নিয়মাবলী আরো কঠোর করার সিদ্ধান্ত নিয়েছে । এই অনুসারে ১৮ বছরের বেশি বয়সের আধার কার্ডের জন্য আবেদন করা লোকেদের তথ্যপাতি সমূহ অতি সূক্ষ্মভাবে নিরীক্ষণ করা হবে এবং জেলা আয়ুক্তই তাদের আধার কার্ড প্রদান করবেন ।

মন্ত্রীসভা আসাম পঞ্চায়েত সংবিধান আইন-১৯৯৫ এর কয়েকটি দফা সংশোধনের ক্ষেত্রে অনুমোদন জানিয়েছে । সেই অনুসারে জেলা পরিষদের সভাপতি এবং উপ-সভাপতি নির্বাচন প্রক্রিয়া লটারির মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত নেওয়া হয় ।

---

গত ৭ - ৮ মাসে গোষ্ঠী সংঘর্ষে ভয়াবহরূপ নেওয়া মণিপুরের বর্তমান পরিস্থিতি বর্তমানে কিছুটা উন্নত হয়েছে । মনিপুরে ধিরে ধিরে শান্তি তথা স্বাভাবিক পরিবেশ

ফিরে আসছে । মনিপুরের প্রাক্তন মুখ্যমন্ত্রী এন বিরেণ সিং সাংবাদিকদের এ কথা জানিয়ে তিনি এ সম্পর্কে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের রাজ্যে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনার পদক্ষেপ কার্যকর হচ্ছে বলে মন্তব্য করেন । বি জে পির প্রবীন এই নেতা এবং দলের অন্যান্য নেতা খুব শীঘ্রই রাজ্যে পুনরায় নির্বাচিত সরকারকে ফিরিয়ে আনার ব্যবস্থা গ্রহণ করবেন বলেও আশা প্রকাশ করেন ।

--------------------------------------------------------------------------------

গত ২৪ ঘন্টায় মনিপুরে ১৩ জন লোক নতুন করে কোভিড - ১৯ এ আক্রান্ত হয়েছেন বলে সনাক্ত করা হয়েছে । পশ্চিম ইম্ফাল জেলায় গত ৮ মে কোভিড - ১৯ এর সংক্রামিত প্রথম একজন ব্যাক্তিকে সনাক্ত করা হয়েছিল । সেই সময় থেকে আজ পর্যন্ত মনিপুরে মোট ২শো ৩০ জন লোককে কোভিড - ১৯ এ আক্রান্ত হয়েছেন বলে সনাক্ত করা হয়েছে । এদের মধ্যে ২শো ১২ জন কোভিড আক্রান্ত ব্যাক্তি ইতিমধ্যেই চিকিৎসার পর সুস্থ হয়ে নিজ নিজ বাড়ি ফিরে গেছেন । এখনও মনিপুরে ১শো ১৮ জন কোভিড আক্রান্ত রোগী চিকিৎসাধীন রয়েছেন । গত ২৪ ঘন্টায় ৪৩ জনের কোভিড পরীক্ষার পর ১৩ জন লোক কোভিড -১৯ এ আক্রান্ত বলে নিশ্চিত করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

অম্বুবাচী মহাযোগের নিবৃত্তির পর আজ মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা স্বপরিবারে কামাখ্যা মন্দির দর্শন করেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা এ বছরের অম্বুবাচী মহাযোগ সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য পর্যটন বিভাগ , মন্দির পরিচালনা সমিতি এবং রাজ্যের পর্যটন মন্ত্রী রঞ্জিৎ কুমার দাসকে ধন্যবাদ জ্ঞাপন করেন । মন্দির পরিদর্শনের পর মুখ্যমন্ত্রী সোনারাম খেলার মাঠ থেকে কামাখ্যা পর্যন্ত রোপওয়ে নির্মান করা হবে বলে ঘোষণা করেন । এদিকে কামাখ্যা রেল ষ্টেশন থেকে কামাখ্যাধাম পর্যন্ত নির্মীয়মান রোপওয়ের কাজ পূর্ণ গতিতে অব্যাহত রয়েছে বলেও তিনি জানান ।

--------------------------------------------------------------------------------

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় বলেছেন যে যেকোন সংবিধানের প্রস্তাবনা তার আত্মাস্বরূপ এবং এটি পরিবর্তনযোগ্য নয় । তিনি বলেন যে ভারত ছাড়া অন্য কোন দেশের সংবিধানের প্রস্তাবনায় পরিবর্তন আনা হয় নি । নতুন দিল্লীতে আজ একটি গ্রন্থ প্রকাশ অনুষ্ঠানে অংশ নিয়ে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন যে প্রস্তাবনার ওপর ভিত্তি করেই সংবিধান গড়ে ওঠেছে কিন্তু দুর্ভাগ্যজনকভাবে এমন এক সময় এর পরিবর্তন আনা হয়েছিল যখন জরুরী অবস্থার জন্য মানুষ কার্যত পরাধীন ছিল । উপরাষ্ট্রপতি বলেন যে জরুরী অবস্থার সময় সংবিধানের প্রস্তাবনায় সমাজতান্ত্রিক , ধর্মনিরপেক্ষ এবং

অখন্ডতা শব্দগুলির সংযোজন সংবিধান রচয়িতাদের সঙ্গে বিশ্বাসঘাতকতার ইঙ্গিত দেয় । ডক্টর বি আর আম্বেদকারের বার্তাগুলোর সমসাময়িক প্রাসঙ্গিকতা তুলে ধরে শ্রী ধনখড় বলেন যে ডক্টর আম্বেদকার মানুষের হৃদয়ে বেঁচে আছেন এবং তার বার্তাগুলি আজও দেশের মানুষের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক ।

---------------------------------------------------------------------------------------------

জাটিঙ্গা-লামপুর এবং নিউ হাফলঙের মধ্যের রেলপথে ভূমিধ্বসের জন্যে হওয়া সমস্যার জন্য এই রুটে বেশকয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে । এবং কয়েকটি ট্রেনের সংশোধিত সময়সূচি দেওয়া হয়েছে । আজ চলাচলকারী রঙিয়া-শিলচর এক্সপ্রেস এবং গুয়াহাটি-দুল্লভছড়া এক্সপ্রেসের যাত্রা বাতিল করা হয়েছে । এবং আগামীকাল যাত্রা করা গুয়াহাট-শিলচর এবং আগরতলা-রাণী কমলাপট্টি বিশেষ ট্রেনটির যাত্রাও বাতিল করা হয়েছে । এদিকে আগরতলা থেকে দেওঘর চলাচলকারী ট্রেনটির যাত্রাও আংশিকভাবে বাতিল করা হয়েছে । আগামীকাল যাত্রা করতে চাওয়া শিলচর-রঙিয়া এক্সপ্রেস ট্রেনের যাত্রা একদিন পিছিয়ে দেওয়া হয়েছে ।

এছাড়া সংশোধিত সময়সূচি অনুযায়ী আগামীকাল থেকে দুটি ট্রেনের, আগামী সোমবার থেকে পাঁচটি ট্রেনের, আগামী পয়লা জুলাই থেকে দুটি ট্রেনের, তেসরা জুলাই থেকে সাতটি ট্রেনের, চৌঠা জুলাই থেকে চারটি ট্রেনের এবং পাঁচই জুলাই থেকে তিনটি ট্রেনের সময়সূচি পরিবর্তন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের মাধ্যমিক সঞ্চালকালয় ২০২৫-২৬ নতুন শিক্ষাবর্ষে সব বিদ্যালয়ের জন্য প্রযোজ্য কয়েকটি নীতি-নির্দেশনা জারী করেছে । এই নির্দেশনা অনুসারে প্রত্যেক শিক্ষককে সকাল ৯টার আগে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে । শিক্ষকরা শৈক্ষিক দিনপঞ্জীতে নির্ধারিত সময় অনুসারেই বিদ্যালয় থেকে যেতে পারবেন । বিদ্যালয়ে প্রবেশ এবং প্রস্থানের সময় শিক্ষা সেতু এ্যাপে অর্ন্তভুক্ত করতে হবে । প্রত্যেক ছাত্র-ছাত্রীর বিদ্যালয়ে উপস্থিতির তথ্য গ্রহণের জন্য শ্রেনী শিক্ষক দায়বদ্ধ থাকবেন । এছাড়া সব স্নাতকোত্তর শিক্ষককে হাইস্কুল পর্যায়েও শিক্ষদান করতে হবে বলে নির্দেশনায় উল্লেখ করা হয়েছে । একই ভাবে বিদ্যালয়ের অন্যান্য কর্মচারীদেরও বেলা দশটার আগে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে এবং বিকেল  সাড়ে ৪টা পর্যন্ত বিদ্যালয়ে থাকতে হবে বলেও নির্দেশনায় বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

দেশের জরুরীকালীন অবস্থা সম্পর্কে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অভিজ্ঞতার ভিত্তিতে সঙ্কলিত ইমারজেন্সি ডায়রী নামে একটি গ্রন্থ ভারতীয় জনতা পার্টীর গৌহাটির রাজ্য

মুখ্য কার্যালয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ আনুষ্ঠানিকভাবে উন্মোচন করেন । ব্লু ক্রাফট ফাউন্ডেশন সম্পাদিত এই বইয়ের প্রাককথা লিখেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এছাড়াও প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌড়ার লিখাও এই বইয়ে সন্নিবিষ্ট করা হয়েছে । বইটি উন্মোচন করে মুখ্যমন্ত্রী বলেন যে দেশের জরুরীকালীন অবস্থার সময় বর্তমানের প্রধানমন্ত্রী গণতান্ত্রিক মূল্যবোধ রক্ষা করার জন্য যে ভূমিকা গ্রহণ করেছিলেন তা এই বইটির মাধ্যমে আজকের প্রজন্ম জানতে পারবে । অনুষ্ঠানে অংশ নিয়ে রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু ষষ্ঠ শ্রেনী থেকে দ্বাদশ শ্রেনী পর্যন্ত সমাজ অধ্যয়ন বিষয়ে ভারতীয় গণতন্ত্র শীর্ষক একটি অধ্যায় সন্নিবিষ্ট করে সেখানে দেশের জরুরীকালীন অবস্থার কথাও অর্ন্তভুক্ত করা হবে বলে ঘোষণা করেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর মহিলা কলেজের সেমিনার হলে কৃষ্ণকান্ত সন্দিকৈ মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ওই বিশ্ববিদ্যালয়ের শিলচর আঞ্চলিক কেন্দ্রের যৌথ উদ্যোগে আজ শিক্ষাকেন্দ্র সঞ্চলনা বিষয়ক একদিনের একটি কর্মশালা অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে কৃষ্ণকান্ত সন্দিকৈ মুক্ত বিশ্ববিদ্যালয়এর পক্ষে বক্তব্য রাখেন নৃপেন্দ্র নারায়ণ শর্মা , বিরিঞ্চি বরা , জয়দীপ বরুয়া , শিলচর মহিলা কলেজের অধ্যক্ষ সুজিত তেওয়ারী প্রমুখ । অনুষ্ঠানের শেষ পর্বে বিভিন্ন অধ্যয়ন কেন্দ্রের প্রধান ও সমন্বয়কদের সঙ্গে অধ্যয়ন কেন্দ্রগুলির না না সমস্যা নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মধ্যে মত বিনিময় অনুষ্ঠিত হয় । কর্তৃপক্ষ ওইসব সমস্যা সমাধানের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হবে বলে আশ্বাস দেন ।

---------------------------------------------------------------------------------------